

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫৫৪

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - রোগী দেখা ও রোগের সাওয়াব

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: كَانَ يعلمهُمْ من الْحمى وم الأوجاع كلهَا أَن يَقُولُوا: «بِسم الله الْكَبِيرِ أَعُوذُ بِاللَّهِ الْعَظِيمِ مِنْ شَرِّ كُلِّ عرق نعار وَمن شَرّ حر النَّارِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا يُعْرَفُ إِلَّا مِنْ حَدِيثِ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ وَهُوَ يضعف فِي الحَدِيث

বাংলা

১৫৫৪-[৩২] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে জ্বরসহ অসুখ-বিসুখ হতে পরিত্রাণ পাবার জন্য এভাবে দু'আ করতে শিখিয়েছেন, ''মহান আল্লাহর নামে, মহান আল্লাহর কাছে সব রক্তপূর্ণ শিরার অপকার হতে ও জাহান্নামের গরমের ক্ষতি হতে।'' (তিরমিযী; তিনি [ইমাম তিরমিযী] বলেছেন, হাদীসটি গরীব। ইব্রাহীম ইবনু ইসমা'ঈল ছাড়া এ হাদীস কেউ বর্ণনা করেননি। আর ইব্রাহীম হলেন দুর্বল বর্ণনাকারী।)[1]

ফটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ২০৭৫, ইবনু মাজাহ্ ৩৫২৬, ইবনু আবী শায়বাহ্ ২৯৫০১, আহমাদ ২৭২৯, আদ্ দা'ওয়াতুল কাবীর ৬০৩, য'ঈফ আল জামি' ৪৫৮৭। এর সানাদে ইব্রাহীম বিন ইসমা'ঈল একজন দুর্বল রাবী। যদিও ইমাম আহমাদ (রহঃ) তাকে বিশ্বস্ত বলেছেন। কিন্তু জমহূর মুহাদ্দিসগণ তাকে দুর্বল বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে ইঙ্গিত বহন করে যে, জ্বর মূলত শরীরে রক্তচাপের কারণে হয় আর তা এক আগুনের গরমের প্রকারভেদ যেমন অন্য হাদীসে আছে যে, (أَنَّ الْحُمِّى مِنْ فَيْحِ النَّارِ، وَأَنَّهَا تُبْرَدُ بِالْمَاءِ) জ্বর হল আগুনের উত্তপ্ত হতে আর তা ঠান্ডা করে পানি।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন